77


দৈনিক বাংলা

21 JAN 1996
পৃষ্ঠা 7 কলাম ৬


# ইতিহাসে অনার্স প্রশ্নপত্র নিয়ে পরীক্ষার্থীরা বিপাকে

যশোর ব্যুরো ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ইতিহাস সম্মান তৃতীয়পত্রের (কোর্স নং ৩০৬) পরীক্ষায় প্রশ্নপত্র নিয়ে

(৫-এর পৃঃ দ্রঃ)

## ইতিহাসে অনার্স

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষার্থীরা বিড়ম্বনার সম্মুখীন হন। শনিবার ঐ পরীক্ষা অনুষ্ঠিত হয়। সিলেবাস অনুযায়ী পরীক্ষার্থীদের নির্ধারিত তিন ঘন্টায় চারটি প্রশ্নের জবাব দেয়ার কথা। কিন্তু প্রশ্নপত্র হাতে পেয়ে তারা দেখতে পান তিন ঘন্টায় পাঁচটি প্রশ্নের উত্তর লিখতে বলা হয়েছে। পরীক্ষার্থীরা হল পরিদর্শকের কাছে বিষয়টি জানান। যশোর সরকারী মাইকেল মধুসূদন বিশ্ববিদ্যালয় কলেজ থেকে তখনই জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করা হয়। পরীক্ষা নিয়ন্ত্রক জানান, প্রশ্নপত্রে যেহেতু পাঁচটি প্রশ্নের উত্তর লেখার কথা বলা হয়েছে, এখন পরীক্ষার্থীদের তা লেখা ছাড়া কোন উপায় নেই। পাশাপাশি অবশ্য তিনি এ কথাও বলেন যে প্রয়োজনে একটি প্রশ্নের উত্তর পরে বাদ দেয়া হবে।

বাধ্য হয়ে পরীক্ষার্থীরা পাঁচটি প্রশ্নের উত্তরই লিখেন। যদিও তিন ঘন্টা সময়ে পাঁচটি প্রশ্নের উত্তর লেখা সহজসাধ্য ছিল না। কারণ এতে তারা প্রতিটি প্রশ্নের উত্তর লেখার জন্য হাতে সময় পান কম। একজন পরীক্ষার্থী বলেন, আমি উদ্বিগ্ন এ কারণে যে, আমার পাঁচটি উত্তরের যেটি ভাল হয়েছে, সেটি পরীক্ষক উত্তরপত্র দেয়ার সময় বাদ দিতে পারেন।